

ওমরাহ পালনে নারীদের পোশাক নির্ধারণ করল সৌদি

- A Monitor Desk Report

Date: 18 September, 2023



পবিত্র ওমরাহ পালনে নারীদের পোশাক নির্ধারণ করে দিয়েছে সৌদি কর্তৃপক্ষ। এক বিবৃতিতে এ-সংক্রান্ত নির্দেশনা জানিয়েছে দেশটির হজ ও ওমরাহ মন্ত্রণালয়।

বিবৃতিতে বলা হয়, মসজিদুল হারামে ওমরাহর আনুষ্ঠানিকতা পালনের সময় মুসলিম নারীদের পছন্দসই পোশাক পরিধানের অধিকার রয়েছে। তবে মানতে হবে তিনটি বিধি। পুরো শরীর ঢেকে রাখে এমন পোশাক পরতে হবে। পোশাক অবশ্যই ঢিলেঢালা হতে হবে। তাতে কোনো আলংকারিক উপাদান থাকা যাবে না।

আরও পড়ুন: [ট্রানজিট নিয়ে ওমরাহ করতে পারবেন বাংলাদেশিরা](#)

প্রসঙ্গত, বর্তমানে ওমরাহ পালনের মৌসুম চলমান। ফলে নারীদের পোশাক নিয়ে এলো নতুন ঘোষণাটি।

-B